



অসংকেত প্রকাশের দুবছর সাহস

# সমকাল

সমকাল, ১৩-০৬-২০২৩, পৃষ্ঠা-১২



## ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে বার্ষিক আইন বক্তৃতা অনুষ্ঠিত

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগ সম্প্রতি 'আন্তর্জাতিক আইনি দৃষ্টিকোণ থেকে বাংলাদেশের মুক্তিযুদ্ধ এবং গণহত্যা' শীর্ষক বার্ষিক আইন বক্তৃতার আয়োজন করে। ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের মঞ্জুর এলাহী অডিটোরিয়ামে আয়োজিত অনুষ্ঠানে এ বিষয়ে বক্তব্য দেন অস্ট্রেলিয়ার ম্যাককুয়ারি ইউনিভার্সিটির ইমেরিটাস প্রফেসর এম রফিকুল ইসলাম। আলোচনায় অংশ নেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের প্রধান উপদেষ্টা ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর অধ্যাপক ড. মোহাম্মদ ফরাসউদ্দিন, বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক এম জিয়াউল হক মামুন এবং আইন বিভাগের উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ একরামুল হক।